

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫২৭৯(আগরতলা ২৪।০৩)

আগরতলা, ২৪ মার্চ, ২০২৪

রাজভবনে বিশ্ব টিবি দিবস  
টিবি রোগ নির্মূলের জন্যে সমাজের সব অংশের  
মানুষের সহযোগিতা প্রয়োজন : রাজ্যপাল



বিশ্ব টিবি দিবস উদযাপন উপলক্ষে আজ সকালে রাজভবনে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিড নাল্লু এই অনুষ্ঠানের উদ্বোধন করেন। অনুষ্ঠানে রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিড নাল্লু টিবি সম্পর্কে আরও সচেতনতা গড়ে তোলার উপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, সমাজ থেকে টিবি রোগ নির্মূলের জন্যে সমাজের সব অংশের মানুষের সহযোগিতা প্রয়োজন। অনুষ্ঠানে রাজ্যপাল টিবি মুক্ত সমাজ গড়ে তোলার উপর উপস্থিত সকলকে শপথ বাক্য পাঠ করান। অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন স্টেট টিবি অফিসার ডা. নুপুর দেববর্মা। স্বাগত বক্তব্য রাখেন ন্যাশনাল হেলথ মিশনের মিশন ডিরেক্টর বিনয় ভূষণ দাস। অনুষ্ঠানে রাজ্যপাল টিবি আক্রান্ত ২ জন রোগীর মধ্যে ফুড বাস্কেট বিতরণ করেন। অনুষ্ঠানে রাজ্যপালের সচিব ইউ কে চাকমা, রাজ্যপালের উপসচিব রতন ভৌমিক প্রমুখ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*